

বাংলা (BENGALI)
৩০৩ (303)
শিক্ষককৃত মূল্যায়ন পত্র
Tutor Marked Assignment

পূর্ণমান : 20

[দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমান - এর নির্দেশক]

নির্দেশিকা : a) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

b) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপরের দিকে নিজের নাম, তালিকাভুক্তি
সংখ্যা (এনরোলমেন্ট নম্বর), পাঠকেন্দ্রের (AI) নাম ও বিষয় স্পষ্টভাবে লিখুন।

1. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ৪০ - ৬০/৪০ - ৬০ শব্দের মধ্যে লিখতে হবে)। 2

a) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝানো হয়? একটি ঐতিহাসিক উপন্যাসের নাম উল্লেখ করুন।
(পাঠ ০৬ দেখুন)

b) 'শিল্পী' গল্পে খোলাবাজারে সুতো না পাওয়ার ফলে তাঁতিদের কীরূপ অবস্থা হয়েছিল সংক্ষেপে
বর্ণনা করুন। (পাঠ ২১ দেখুন)

2. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ৪০ - ৬০/৪০ - ৬০ শব্দের মধ্যে লিখতে হবে)। 2

a) “চন্ডীদাস কয় নব পরিচয়

কালিয়া - বঁধুর সনে॥

- 'কালিয়া' বলতে কাকে বোঝানো হয়েছে?

- 'বঁধু' শব্দটির অর্থ কী?

(পাঠ ০২ দেখুন)

b) “শঙ্খমালা নাম তার,”

- 'শঙ্খমালা' কে?

- তাকে কে বর দিয়েছিল ?

(পাঠ ১৬ দেখুন)

3. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ৪০ - ৬০/৪০ - ৬০ শব্দের মধ্যে লিখতে হবে)। 2

a) ‘নীলকণ্ঠ’ নাটকে মেথরের নাম কি? মহারাজ কিভাবে ম্যানহোলে গিয়েছিলেন ?

(পাঠ 24 দেখুন)

b) “তার চেয়ে ওলাইচণ্ডীর পূজো দে, সস্তায় হবো”

- উক্তিটির বক্তা কে?

- ওলাইচণ্ডী কে?

(পাঠ 24 দেখুন)

4. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ১০০ - ১৫০/100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে)। 4

a) i) ‘পর্যটন’ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কি?

ii) ইংল্যান্ডের প্রথম পর্যটন কোম্পানির নাম কি?

(পাঠ 33 ক দেখুন)

b) i) ১৮৩৯ সালে কারা ফটোগ্রাফি আবিষ্কার করেছিলেন?

ii) ‘মাইক্রোফোন একটি গণমাধ্যম’ - এই উক্তিটির ব্যাখ্যা করুন।

(পাঠ ৩৩খ দেখুন)

5. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ১০০ - ১৫০/100 - 150 শব্দের মধ্যে লিখতে হবে)। 4

a) নিম্নোক্ত বাক্যগুলিতে চিহ্নিত শব্দের উৎস উল্লেখ করুন। (যেমন - তৎসম শব্দ, অর্ধতৎসম শব্দ, বিদেশি আগন্তুক শব্দ, প্রতিবেশী আগন্তুক শব্দ, সংকর শব্দ, দেশি শব্দ) (পাঠ 12 দেখুন)

স্কুলশিক্ষক সমাজের একজন সম্মানিত ব্যক্তি।

চাকর হলেও কেষ্টার তেজ কম নয়।

ওই হতচ্ছাড়াকে বাঁটা মেরে বিদায় কর।

শীতের বাজারে হরেরক রকম সবজি পাওয়া যায়।

b) তৎসম শব্দ ও অর্ধতৎসম শব্দ বলতে কী বোঝানো হয় তা উদাহরণসহ বিবৃত করুন।

(পাঠ 12 দেখুন)

6. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন।

6

a) এলাকায় বিদ্যুৎ সরবরাহ বিষয়ক সমস্যার নিয়ে এলাকাবাসির পক্ষ থেকে বৈদ্যুতিক সংস্থাকে পত্র লিখুন

|

(পাঠ 25 দেখুন)

b) নিম্নোক্ত তথ্যাদি অবলম্বনে একটি তালিকা নির্মাণ করুন ।

(পাঠ 29 দেখুন)

ভাষা ব্যবহারের ভিত্তিতে, বাংলা উপভাষাকে দু'ভাগে ভাগ করা যায় । আঞ্চলিক উপভাষা বা কথ্য উপভাষা এবং সাহিত্যিক উপভাষা বা লেখ্য রূপ । সাহিত্যিক উপভাষা আবার দু'ভাগে বিভক্ত । গদ্য ও পদ্য । গদ্যকে সাধু এবং চলিত এই দুইটি রূপে প্রকাশ করা সম্ভব ।